Number of printed pages: 5 (five) **DCBL-2019-203**

**2019**

Diploma Course in Bengali Language (DCBL)

**Second Semester : 3rd paper**

Important Components of Bengali Learning: Reading, Writing & Creative Exercises

Full Marks: 75 Time: 3 hours

**২০১৯**

বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম

**দ্বিতীয় ষাণ্মাসিক : ৩য় পত্র**

বাংলা পাঠের গুরুত্বপূর্ণ স্তর লিখন, পঠন এবং সৃজন

পূর্ণমান: ৭৫ সময়: ৩ ঘণ্টা

১। শুদ্ধ উত্তরটি যথাস্থানে লিখুন (যে কোন চারটি) : - ১ x ৪ = ৪

ক) বাংলা লিখন, মুদ্রণ এবং পঠনের ক্ষেত্রে আধুনিক অধ্যায় শুরু হয় ____ (মৃত্যুঞ্জয় তর্কালঙ্কার / উইলিয়াম কেরি / ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর) কর্তৃক বর্ণমালার সংস্কারের ফলে।

খ) বাংলা বর্ণমালায় ____ (৫১/৫২/১৬)টি বর্ণ

গ) বাজার চলতি অভিধানে বর্ণমালার ক্রমে সাধারণত __, __, __, (ড়, ঢ়, য়, ৎ, ং, ঃ) বর্ণগুলি থাকে না।

ঘ) বাংলা লিপির আত্মপ্রকাশ ____ (দশম/দ্বাদশ/একাদশ) শতাব্দী থেকে।

ঙ) অনাবশ্যক জেনেও বিদ্যাসাগর এবং রবীন্দ্রনাথ যে বর্ণটিকে রেখে দিয়েছেন, তা হল ____ (ঢ় / ব / ঌ)।

২) উত্তর দিন (যে কোনও তিনটি) : - ১ x ৩ = ৩

ক) বাংলা লিপির আধুনিক পর্যায়ের আগে- "র" কী ভাবে লেখা হত?

খ) কবিগুরু প্রণীত প্রাথমিক শিক্ষার বইটির নাম কী?

গ) 'শিশু শিক্ষা' কার লেখা?

ঘ) সংখ্যা শেখার মজার ছড়া 'হারাধনের ১০টি ছেলে' কার লেখা?

ঙ) বাংলা কোন লিপির অন্তর্গত?

অপর পৃষ্ঠায় দেখুন

৩) যে কোনও একটি প্রশ্নের উত্তর দিন : - ৩ x ১ = ৩

ক) একটি আদর্শ প্রাইমারের কী কী চরিত্রলক্ষণ এবং বৈশিষ্ট্য থাকা প্রয়োজন?

খ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর বাংলা বর্ণমালায় কী কী সংস্কার করেছেন?

গ) স্বচ্ছ বানান বলতে কী বোঝায়? উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন।

৪) উত্তর দিন (যে কোনও তিনটি) : - ৩ x ৩ = ৯

ক) টীকা : - চরিত অভিধান।

খ) টীকা : - বঙ্গীয় শব্দকোষ।

গ) ব্যাখ্যা : - 'অভিধান শুধুমাত্র মানে বই নয়, জাতীয় জীবনের দর্পণ"।

ঘ) ব্যাখ্যা : - 'শব্দকোষ অতি অবশ্যই অভিধান, কিন্তু সব অভিধান শব্দকোষ নয়'।

৫) উত্তর দিন (যে কোনও তিনটি) : - ২ x ৩ = ৬

ক) বিষয় ভিত্তিক শব্দকোষ দর্শনের অভিধান থেকে 'শঙ্করাচার্য' শব্দটি সম্বন্ধে কী কী জানা যায়?

খ) কীভাবে স্বল্প সময়ের মধ্যে অভিধানে প্রয়োজনীয় শব্দটির কাছে পৌঁছানো যায়?

গ) শব্দটির উৎস সম্বন্ধে লিখুন: 'Admiral' ***অথবা*** 'Assassination'

ঘ) 'শেফালি' অথবা 'গোলাপফুল' সম্বন্ধে বঙ্গীয় শব্দকোষ থেকে কী কী জানা যায়?

৬) উত্তর দিন (যে কোন দু'টি) : - ৩ x ২ = ৬

ক) পঠন পাঠনে 'রিডিং' এবং 'স্কিমিং' এর গুরুত্ব কী?

খ) পাঠশাস্ত্র বলতে কী বোঝায়?

গ) 'Basic book' বা আকর গ্রন্থ বলতে কী বোঝায়? উদাহরণের সাহায্যে বুঝিয়ে দিন।

৭) উত্তর লিখুন (যে কোন তিনটি) : - ২ x ৩ = ৬

ক) 'ফ্রান্সিস বেকন' পাঠের তিনটি উদ্দেশ্য সম্বন্ধে কী বলেছেন?

খ) পঠন শৈলীতে 'মনে মনে পাঠ' বলতে কী বোঝায়?

গ) 'সরব পাঠ' এবং 'চোখে পড়া' পঠনের মধ্যে পার্থক্য কী?

ঘ) 'আনাতলে ফ্রাঁসে'র মতে চোখ বাড়াবার পন্থা কী?


অপর পৃষ্ঠায় দেখুন

৮) যে কোনও একটি প্রশ্নের উত্তর লিখুন : - ৩ x ১ = ৩

ক) পঠন পদ্ধতি সম্বন্ধে ফ্রান্সিস বেকন কী পড়ব, কতটুকু পড়ব, কী ভাবে পড়ব- এ নিয়ে কী মতামত দিয়েছেন?

খ) তিনজন বিখ্যাত এবং সফল ব্যক্তি যাঁদের পঠন ক্ষমতা কিংবদন্তি স্বরূপ- তাঁদের নাম কী? এবং অতি সংক্ষেপে তাঁদের একজনের পরিচিতি দিন।

৯) যে কোনও দু'টি প্রশ্নের উত্তর দিন : - ৩ x ২ = ৬

ক) লিখন কর্মের তিনটি স্তর কী কী? আলোচনা করুন।

খ) সৃজনশীল ও মননশীল রচনার মধ্যে পার্থক্য কী? উদাহরণ দিয়ে বুঝিয়ে দিন।

গ) কোনও রচনায় হাত দেবার আগে কোন্ কোন্ প্রাথমিক কাজটি করে নেওয়া প্রয়োজন?

১০) টীকা : - 'টাইটেল মিউজিক' ***অথবা*** 'রেডিও ম্যাগাজিন' ৩

১১) দু'টি প্রশ্নের উত্তর দিন : - ৩ x ২ = ৬

ক) লেখার জন্য তিনটি জিনিসের প্রয়োজন এগুলো কী?

খ) লেখা মানেই কি কেবল গল্প, উপন্যাস, কবিতা? এর বাইরে লেখার আর কী কী থাকতে পারে?

গ) 'টার্গেট রিডার' বলতে কী বোঝায়? 'টার্গেট রিডার' আগে ঠিক করলে কী সুবিধা হয়?

১২) উত্তর দিন (যে কোন দু'টি) : - ৩ x ২ = ৬

ক) রেডিও কথিকার নিয়ম বা বৈশিষ্ট্যগুলি কী কী?

খ) রেডিওতে কোনও অনুষ্ঠানে স্থানিক চেতনাকে ফুটিয়ে তুলতে কী ভাবে 'সাউন্ড এফেক্টে'র সৃষ্টি করা হয়?

গ) 'কমিউনিকেশন'-এ শ্রুতি-মাধ্যম এবং লিখিত (মুদ্রণ) মাধ্যমের মধ্যে পার্থক্য কী কী?

১৩) উত্তর দিন (যে কোন দু'টি) : - ২ x ২ = ৪

ক) ক্লাসরুমে কমিউনিকেশনের ভাষা কী হওয়া উচিত- ঘরোয়া না পোশাকী? আপনার সুচিন্তিত মতামত লিখুন।

খ) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত বিজ্ঞাপনের পদ্যটি কী ছিল?

গ) পঞ্চাশ-ষাট-দশকের রেডিও বিজ্ঞাপনের একটি উদাহরণ লিখুন।

১৪) প্রশ্নের উত্তর দিন (যে কোন তিনটি) : - ২ x ৩ = ৬

ক) বিজ্ঞাপনের কাজ কী?

খ) টীকা : - 'স্কুপ নিউজ' অথবা 'প্রুফ রিডিং'

গ) বিজ্ঞাপন কি কেবল উৎপাদিত দ্রব্য ফেরি করা, না কি অন্য কিছু?

ঘ) আধুনিক শিক্ষা প্রণালীর পাঠক্রমে বিজ্ঞাপনের বিষয়টি অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয়তা সম্পর্কে আপনার মতামত কী?

১৫) **প্রুফ রিডিং :** (কমা, উদ্ধৃতি চিহ্ন দেওয়া, বানান শুদ্ধ করা ইত্যাদি)।
নীচের (৫নং পৃষ্ঠায় দেখুন) অনুচ্ছেদটির প্রয়োজনীয় সম্পাদনা করুন : - ৪

 অপর পৃষ্ঠায় দেখুন

**২০১৯**

বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম

**দ্বিতীয় ষাণ্মাসিক : ৩য় পত্র**

বাংলা পাঠের গুরুত্বপূর্ণ স্তর লিখন, পঠন এবং সৃজন

**রোল নং :** | | | | |

## প্রুফ রিডিং

এই অংশটিতে লাল/কালো/নীল কালিতে সংশোধন করে উত্তরপত্রের সঙ্গে জুড়ে দেবেন।

বস্তুত ব্যাস বাল্মিকী তো কাহারো নাম ছিল না ও তো একটা উদ্দেশে নামকরন মাত্র এত বড় বৃহৎ দুইটি গ্রন্থ, আমাদের সমস্ত ভারতবর্ষ জোরা দুইটি কাব্য তাদের নিজের রচয়িতা কবিদের নাম হারাইয়া বসে আছে কবি আপন কাব্যের অন্তরালে পড়িয়া গেছে।

আমাদের দেশে যেমন রামায়ন-মহাভারত, প্রাচিন গ্রীসে তেমনি ইলিয়ড ও ওডিসি, তা সমস্ত গ্রীসের হৃদপদ্ম সম্ভব ও হৃৎপদ্মবাসী ছিল। কবি হোমর আপন দেশকালের কণ্ঠে ভাষা দান করেছিলেন সেই বাক্য উৎসের মত স্ব-স্ব দেশের নিগুড় অন্তস্থল থেকে উৎসারিত হয়ে চিরকাল তাহাকে প্লাবিত করিয়াছে।

- শেষ পৃষ্ঠা –